# খুলনা বিশ্ববিদ্যালয়
## খুলনা
## রেজিস্ট্রারের কার্যালয়
## (সংস্থাপন-০৩)

## নিয়োগ সংক্রান্ত নীতিমালা

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ে নিম্ন বর্ণিত অন্যান্য কর্মকর্তা শূন্যপদ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে-

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | বেতন স্কেল '২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১। | উপ-রেজিস্ট্রার<br>০১ (এক) টি | বেতন স্কেল:<br>(৪৩,০০০-৬৯,৮৫০/-)<br>(গ্রেড-৫) | প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী রেজিস্ট্রার / সমস্কেলের/সমমানের পদে (বর্তমান মূল ২৯,০০০/- টাকা স্কেলে) ০৪ (চার) বছরসহ ১ম শ্রেণি পদে (বর্তমান মূল বেতন ২২,০০০/- স্কেলে)/ পদমর্যাদায় মোট ০৮ (আট) বছর প্রশাসনে /শিক্ষা ব্যবস্থাপনায়/এমপিও ভুক্ত নূন্যতম ডিগ্রি কলেজ/স্বীকৃত ও প্রতিষ্ঠিত ডিগ্রি কলেজে শিক্ষকতায় চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৪৮ বছর। |
| ২। | সাইকোলজিস্ট<br>০১ (এক) টি | বেতন স্কেল:<br>(২২,০০০-৫৩,০৬০/-)<br>(গ্রেড-৯) | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মনোবিজ্ঞান বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১ টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড (জিপিএ ৪.০০ এর মধ্যে ৩.০০ এবং জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.৫০) থাকতে হবে। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সাইকোলজিষ্ট (মনোবিদ) হিসেবে কাউন্সিলিং কাজে কমপক্ষে ০১ (এক) বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: অনূর্ধ্ব ৩২ বছর। ০৫ (পাঁচ) বছর বা তদুর্ধ্ব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে। |
| ৩। | লাইব্রেরি অফিসার<br>০১ (এক) টি | বেতন স্কেল:<br>(২২,০০০-৫৩,০৬০/-)<br>(গ্রেড-৯) | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে কমপক্ষে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১ টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড (জিপিএ ৪.০০ এর মধ্যে ৩.০০ এবং জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.৫০) থাকতে হবে। গ্রন্থাগার সংক্রান্ত কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়স: অনূর্ধ্ব ৩২ বছর। |

নিয়মাবলী ঃ

১। আগ্রহী প্রার্থীকে নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ ও বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (পূর্ব চাকরির বিস্তারিত বিবরণ- প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, পদ, বেতনস্কেল ও প্রাপ্ত বেতন, চাকরির মেয়াদকাল) ইত্যাদি উল্লেখপূর্বক নির্দিষ্ট ফর্মে (খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://ku.ac.bd/career/) থেকে ডাউনলোড করে ফর্ম পূরণপূর্বক) রেজিস্ট্রার, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা ৯২০৮ বরাবর ১০ (দশ) সেট আবেদনপত্র জমা দিতে হবে।

২। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

৩। এই নীতিমালায় কর্মকর্তা হিসেবে প্রতিটি পদে নিয়োগের ক্ষেত্রে খুলনা বিশ্ববিদ্যালয়ে ০৫ (পাঁচ) বছর বা তদুর্দ্ধ পর্যন্ত কর্মরতদের জন্য শিক্ষাগত যোগ্যতা (কেবল বিভাগ/গ্রেড/শ্রেণি) এবং বয়স শিথিলযোগ্য। তবে কর্মরত প্রার্থীরা এই শিথিলতার সুযোগ ১ (এক) বারের বেশি প্রাপ্য হবে না।

৪। নিয়োগ নীতিমালায় বর্ণিত না থাকলে স্নাতকোত্তর ও স্নাতক ডিগ্রি নিম্নরূপে সমমান বিবেচিত হবে-
স্নাতকোত্তর /সমমান = ৪ বছর মেয়াদী স্নাতক = ৩ বছর মেয়াদী স্নাতক + ১ বছর মেয়াদী স্নাতকোত্তর = ২ বছর মেয়াদী স্নাতক + ২ বছর মেয়াদী স্নাতকোত্তর । অর্থাৎ কমপক্ষে ১৬ বছরের প্রাতিষ্ঠানিক ডিগ্রি। স্নাতক /সমমান = ৪ বছরের কম যে কোন স্নাতক ডিগ্রি।

৫। নিয়োগ নীতিমালায় বর্ণিত না থাকলেও এসএসসি/সমমান, এইচএসসি/সমমান, স্নাতক /সমমান ও স্নাতকোত্তর /সমমানের ডিগ্রির বিভাগ/শ্রেণি/গ্রেড নিম্নরূপে সমমান বিবেচিত হবে -
সাধারণ - ১ম বিভাগ/শ্রেণি = জিপিএ ৩.০০ (৪.০০ স্কেলে) = জিপিএ ৩.৫০ (৫.০০ স্কেলে) এবং ২য় বিভাগ/শ্রেণি = জিপিএ ২.২৫ (৪.০০ স্কেলে) = জিপিএ ২.৫০ (৫.০০ স্কেলে)। কলা ও মানবিক - ১ম বিভাগ/শ্রেণি = জিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে) = জিপিএ ৩.২৫ (৫.০০ স্কেলে) এবং ২য় বিভাগ/শ্রেণি = জিপিএ ২.০০ (৪.০০ স্কেলে) = জিপিএ ২.২৫ (৫.০০ স্কেলে)।

৬। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।

৮। প্রতি সেট আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত কাগজ-পত্রাদি অবশ্যই দাখিল করতে হবে-
ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি
খ) নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র ও কম্পিউটার সনদের সত্যায়িত কপি
গ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি করে)
ঘ) যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখার উপর, রেজিস্ট্রার, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-এর অনুকূলে ৬০০/-(ছয়শত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে।

৯। আবেদনপত্র আগামী ১০.০১.২০২১ খ্রি. থেকে ২৫.০১.২০২১ খ্রি. তারিখ বিকাল ৪.০০ টার-মধ্যে ডাকযোগে (অফিস চলাকালীন) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছাতে হবে। অত্র বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ প্রার্থীর আবেদনপত্র ব্যতীত অন্য কোন আবেদনপত্র সরাসরি বা হাতে হাতে গ্রহণযোগ্য নয়।

১০। নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১১। লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।

(প্রফেসর খান গোলাম কুদ্দুস)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)